



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আবুল কালাম আজাদ-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক, আদাবাড়ী গহের আলী উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব মোঃ আবুল কালাম আজাদ-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।  
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আবুল কালাম আজাদ-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- (১) বিধিবহির্ভূতভাবে ম্যানেজিং কমিটির সদস্য হওয়া, (২) সাবেক প্রধান শিক্ষককে বিধি লঙ্ঘন করে শূন্য প্রধান শিক্ষক পদে নিয়োগপ্রাপ্তির জন্য তার সাথে অর্থ লেনদেন করা, (৩) বিনা অনুমতিতে নির্মাণ কাজ দেখিয়ে অর্থ আত্মসাত ও বিদ্যালয়কে আর্থিক অনিয়মের পর্যায়ভুক্ত করা, (৪) লিখিতভাবে চার্জ হস্তান্তর নির্দেশনা অমান্য করা, (৫) সভাপতিকে অবহিত না করে ম্যানেজিং কমিটির সদস্যদের পদত্যাগপত্র শিক্ষা বোর্ডে জমা দেয়া, (৬) বিনা অনুমতিতে বিদ্যালয়ে অনুপস্থিত থাকা, চাকুরীবিধি অমান্য, কর্তব্যে অবহেলা, শৃঙ্খলা ভঙ্গ, পেশাগত অসদাচরণ ইত্যাদি কারণে বরখাস্ত করা হয়েছে। উক্ত অভিযোগসমূহ এবং দাখিলকৃত প্রামাণ্য পত্রাদি যথাযথ না হওয়ায় বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আবুল কালাম আজাদ-কে স্বপদে পুনর্বহাল করা হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রাপ্য বকেয়া পরিশোধ করে (মামলা নং- ৮/২০১৮ প্রত্যাহার সাপেক্ষে) বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি  
আদাবাড়ী গহের আলী উচ্চ বিদ্যালয়  
পোঃ- হাবলা, উপজেলা- মির্জাপুর  
জেলা- টাঙ্গাইল।

স্বাঃ  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা

মেমো নং- ১২১৩ (১৩)

তারিখ : ২২/১২/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক, আদাবাড়ী গহের আলী উচ্চ বিদ্যালয়।
- ৮। মোঃ আবুল কালাম আজাদ, সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), আদাবাড়ী গহের আলী উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা

২২/১২/১৯